

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিচার শাখা-৬
সরকারী পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-আর-৬/১এম-১৮/২০০১-১৪১

তারিখঃ ২৯-০৪-২০০৯ খ্রিঃ

১। সরকার সাব-রেজিস্ট্রারগণের বদলী সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথাঃ-

(ক) সরকার কর্তৃক অনুমোদিত সাব-রেজিস্ট্রার অফিসসমূহের বিন্যাসকৃত শ্রেণী (এ,বি,সি) এই নীতিমালার ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(খ) নব-নিযুক্ত বা সম্প্রতি নিয়োগপ্রাপ্ত সাব-রেজিস্ট্রারগণকে "সি" শ্রেণীর অফিসে পদায়ন করা হইবে। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়াসহ চাকুরী স্থায়ীকরণ করা হইলে "সি" শ্রেণীর অফিসে ০৫(পাঁচ) বৎসর সন্তোষজনক চাকুরী, জ্যেষ্ঠতা, যোগ্যতা ও মেধার ভিত্তিতে সুযোগ থাকা সাপেক্ষে তাঁহাদেরকে "বি" শ্রেণীর অফিসে পদায়ন করা যাইবে;

(গ) অনুরূপভাবে "বি" শ্রেণীর অফিসে ০৫(পাঁচ) বৎসর সন্তোষজনক চাকুরীর পর সুযোগ থাকা সাপেক্ষে জ্যেষ্ঠতা, যোগ্যতা ও মেধার ভিত্তিতে "এ" শ্রেণীর অফিসে পদায়ন করা যাইবে;

(ঘ) কোন শ্রেণীর অফিসের সংখ্যার তুলনায় উক্ত শ্রেণীর জন্য উপযুক্ত সাব-রেজিস্ট্রারের সংখ্যা কম অথবা বেশি হইলে সাব-রেজিস্ট্রারের জ্যেষ্ঠতা ও দক্ষতার বিষয়টি বিবেচনায় রাখিয়া উপরের অথবা নিচের শ্রেণীর অফিসে পদায়ন করা যাইবে;

(ঙ) কোন সাব রেজিস্ট্রারের কার্যক্রম অসন্তোষজনক হইলে কর্তৃপক্ষ তাঁহাকে গুরুত্বপূর্ণ অফিসে অযোগ্য বিবেচনায় জনস্বার্থে নিম্নশ্রেণীভুক্ত অফিসে বদলি করিতে পারিবেন। তবে অনুরূপ ক্ষেত্রে তাঁহার অসন্তোষজনক কার্যকলাপ সম্পর্কে যুক্তিসঙ্গত কারণ থাকিতে হইবে;

(চ) সাব-রেজিস্ট্রারগণ সাধারণতঃ "এ", "বি" ও "সি" শ্রেণীর অফিসে ৩(তিন) বৎসর কর্মরত থাকিবেন। তবে কর্তৃপক্ষ জনস্বার্থে এই মেয়াদের পূর্বেও তাঁহাদেরকে অন্যত্র বদলী করিতে পারিবে;

(ছ) কোন সাব-রেজিস্ট্রার একবার ঢাকা/চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় পদায়ন পাইয়া যেকোনো মেয়াদকাল কাজ করিলে পরবর্তী ৬(ছয়) বৎসরের মধ্যে তাঁহাকে ঢাকা/চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার কোন অফিসে পদায়ন করা যাইবে না;

(জ) কোন সাব-রেজিস্ট্রার একবার রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট মেট্রোপলিটন এলাকায় পদায়ন পাইয়া যেকোনো মেয়াদকাল কাজ করিলে পরবর্তী ৩(তিন) বৎসরের মধ্যে তাঁহাকে রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট মেট্রোপলিটন এলাকার কোন অফিসে পদায়ন করা যাইবে না;

(ঝ) কোন সাব-রেজিস্ট্রার একবার ঢাকা/চট্টগ্রাম জেলার কোন সাব-রেজিস্ট্রী অফিসে পদায়ন পাইয়া যেকোনো মেয়াদকাল কাজ করিলে পরবর্তী ৬(ছয়) বৎসরের মধ্যে তাঁহাকে ঢাকা/চট্টগ্রাম জেলার কোন সাব-রেজিস্ট্রী অফিসে পদায়ন করা যাইবে না;

(ঞ) কোন সাব-রেজিস্ট্রার একবার গাজীপুর/নারায়ণগঞ্জ জেলার কোন সাব-রেজিস্ট্রী অফিসে পদায়ন পাইয়া যেকোনো মেয়াদকাল কাজ করিলে পরবর্তী ৩(তিন) বৎসরের মধ্যে তাঁহাকে গাজীপুর/নারায়ণগঞ্জ জেলার কোন সাব-রেজিস্ট্রী অফিসে পদায়ন করা যাইবে না;

(চ) কোন সাব রেজিস্ট্রার কোন অফিসে একবার পদায়ন পাইয়া যেকোনো মেয়াদকাল কাজ করিলে দ্বিতীয়বার তাঁহাকে উক্ত অফিসে পদায়ন করা যাইবে না;

(ছ) পদোন্নতির সুযোগ সৃষ্টি না হওয়ার কারণে অবসর আসন্ন প্রায় (০৬ মাসের পূর্বে নহে) এমন সাব-রেজিস্ট্রারগণকে তাঁহাদের আবেদনের প্রেক্ষিতে নিজ জেলায় বা পার্শ্ববর্তী জেলার কোন অফিসে পদায়ন করা যাইবে;

(জ) কোন সাব-রেজিস্ট্রারের স্বামী/স্ত্রীর কর্মস্থল বা ইহার নিকটবর্তীস্থানে নিয়োগ বদলির বিষয় বিবেচনায় ক্ষেত্রে কর্তৃপক্ষ উপরোল্লিখিত বিধানাবলী শিথিল করিতে পারিবেন;

২। সাব-রেজিস্ট্রারগণের বদলী সংক্রান্ত বিদ্যমান সকল আদেশ, নির্দেশ, পরিপত্র, প্রজ্ঞাপন বা অন্যকোন শ্রেণীর ইন্সট্রুমেন্ট এতদ্বারা বাতিল করা হইল।

৩। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত
২৯-০৪-২০০৯
(কাজী হাবিবুল আউয়াল)
সচিব
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।